চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় মা নিহত, পুত্রসন্তান আহত

চুয়াডাঙ্গায় ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহী মা শিরিনা খাতুন
(৩০) নিহত ও পুত্রসন্তান সোয়াদ আলী (১ বছর) আহত হয়েছে। আজ রবিবার বেলা ৩টার সদর উপজেলার সরোজগঞ্জ এলাকায় এ দূর্ঘটনা ঘটে। নিহত শিরিনা খাতুন সদর উপজেলা হোগলডাঙ্গা গ্রামের সলক আলীর স্ত্রী।

স্থানীয়রা জানায়, হোগলডাঙ্গা গ্রামের সলক আলী স্ত্রী শিরিনা ও পুত্রসন্তান সোয়াদকে মোটরসাইকেলে নিয়ে চুয়াডাঙ্গার দিক থেকে সরোজগঞ্জের দিকে যাচ্ছিল। এসময় পেছন দিক থেকে আসা একটি দ্রতগামি ট্রাকের ধাক্কায় মাটিতে পড়ে যায় শিরিনা ও সোয়াদ। ট্রাকের চাকায় মা ও সন্তান দুজনই হতাহত হন। চাকায় পিস্ট হয়ে শিরিনার পুরো শরীর থেতলে যায়। এতে ঘটনাস্থলে শিরিনা মারা যান। আহত পুত্রসন্তানকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ দূর্ঘটনায় স্বামী সলক আলী সুস্থ আছেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. জুবাইদা জামাল জয়া জানান, আহত পুত্রসন্তান চিকিৎসকের পর্যবেক্ষণে আছে। নিহত শিরিনার লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের হিমঘরে রাখা হয়েছে। লাশ ময়না তদন্তের জন্য প্রক্রিয়াধীন আছে।